এনসিপি’র মেহেরপুর জেলা সমন্বয় কমিটি অনুমোদন

সাকিল আহমেদকে প্রধান সমন্বয়কারী, মো: আরিফ খান ও আশিক রাব্বিকে যুগ্ম সমন্বয়কারী করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ১৫ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা সমন্বয় কমিটি প্রকাশ করা হয়েছে।

মঙ্গলবার এনসিপি’র সদস্য সচিব আখতার হোসেন ও দক্ষিণ অঞ্চলের মুখপাত্র হাসনাত আবদুল্লাহ সাক্ এ কমিটির অনুমোদন দেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- শামীম আহমেদ আযম, ইমতিয়াজ আহমেদ, হাসনাত জামান সৈকত, খন্দকার মুইজ উদ্দীন, তামিম ইসলাম, আব্দুল্লাহ আল সাদ, রিদওয়ানুল হব মুজাহিদ, লাল চাঁদ, সাদ্দাম হোসেন জীবন, আমির হামজা, মাহবুব ই তাওহিন রবিন ও শাওন শেখ।

আগামী ৩ মাস অথবা আহ্বায়ক কমিটি গঠন পর্যন্ত এ কমিটি বলবৎ থাকবে বলে বলা হয়েছে।

ফরহাদ হোসেন ও তাঁর স্ত্রীসহ ২০ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা

দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধান চলমান থাকায় সাবেক জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন, তার স্ত্রী সৈয়দা মোনালিসা ইসলামসহ ২০ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞার আদেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার (৩ জুন) দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মো. জাকির হোসেন গালিব এই আদেশ দেন।

দেশত্যাগে নিষেধাজ্ঞাপ্রাপ্ত অন্য ব্যক্তিরা হলেন সাবেক মন্ত্রী ক্যাপ্টেন (অব.) এ বি তাজুল ইসলাম, তার স্ত্রী হাসু ইসলাম, সন্তান ধানাদ ইসলাম দীপ্ত, ফারাহ ইসলাম প্রভা ও শামা ইসলাম; ফেনী-৩ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ উদ্দিন চৌধুরী (৬৭),

যশোর-৬ আসনের সাবেক সংসদ সদস্য মো. শাহীন চাকলাদার, নির্বাচন কমিশনের সাবেক সচিব হেলালুদ্দীন আহমদ, সাংবাদিক মুন্নী সাহা এবং তার স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি মো. কবির হোসেন, আপেল রানী সাহা, তপন কুমার সাহা ও প্রণব কুমার সাহা অপু; ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের কর্মকর্তা এবং এস আলম গ্রুপের ঘনিষ্ঠ সৈয়দ ওয়াসেক মো. আলী, মো. আলমগীর হোসেন, মোহাম্মদ মোস্তফা খায়ের, আব্দুল আজিজ এবং মো. মাসুদুর রহমান শাহ।

এদের প্রত্যেকের বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের মাধ্যমে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন এবং বিদেশে অর্থপাচারের অভিযোগে অনুসন্ধান চলছে। সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে দুদক পৃথক সাতটি আবেদনের মাধ্যমে তাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে আবেদন করে। আবেদনের ওপর শুনানি শেষে আদালত নিষেধাজ্ঞার আদেশ দেন।

গাংনীতে আওয়ামীলীগ নেতার বাড়ির সামনে বোমা সদৃশ্য বস্তু ও হুমকি চিরকুট উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুর রশিদের বাড়ির সামনে থেকে বোমা সদৃশ্য একটি বস্তু ও একটি হুমকি চিরকুট উদ্ধার করেছে পুলিশ। সোমবার (২ জুন) ভোরে এ ঘটনা ঘটে।

আব্দুর রশিদ জানান, সকালে ঘুম থেকে উঠে বাড়ির মূল ফটকের সামনে একটি অদ্ভুত বস্তু দেখতে পান তিনি। পরে বিষয়টি তাৎক্ষণিকভাবে পুলিশকে জানান। খবর পেয়ে বামুন্দী ক্যাম্পের পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে বোমা সদৃশ্য বস্তুটি উদ্ধার করে।

আব্দুর রশিদ অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে একটি সন্ত্রাসী চক্র তার কাছে চাঁদা দাবি করে আসছিল। চাঁদা না দেওয়ায় তাকে ভয় দেখাতে এবং আতঙ্ক সৃষ্টির জন্যই এমন বস্তু রেখে যাওয়া হয়েছে বলে তিনি ধারণা করছেন।

এ বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, “ঘটনাটি আমরা গুরুত্ব সহকারে দেখছি। ঘটনাস্থল থেকে বোমা সদৃশ্য বস্তু ও একটি হুমকিমূলক চিরকুট উদ্ধার করা হয়েছে। বিষয়টি খতিয়ে দেখতে তদন্ত শুরু হয়েছে।”

কালীগঞ্জে আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দু’পক্ষের সংঘর্ষে নিহত ১

ঝিনাইদহের কালীগঞ্জে সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দু’পক্ষের সংঘর্ষে মহব্বত হোসেন (৬০) নামের একজন নিহত হয়েছে। আহত হয়েছে আরও ৪ জন।

রোববার (১ জুন) সকালে উপজেলার নাকোবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানায়, সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে জামাল ইউনিয়নের বিএনপি নেতা নজরুল ইসলামের সাথে বিএনপির অপর পক্ষ আরিফ, লিটন, বুলু ও আশরাফ’র সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। এরই জের ধরে রোববার সকালে ইউনিয়নের নাকোবাড়িয়া গ্রামে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে অন্তত ৫ জন আহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। আহতদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে মহব্বত হোসেনের অবস্থা গুরুতর হলে তাকে ফরিদপুরে রেফার্ড করা হয়। দুপুরে ফরিদপুর হাসপাতালে তার মৃত্যু হয়।

কালীগঞ্জ থানার ওসি শহিদুল হাওলাদার বলেন, সংবাদ শুনেই ফোর্স নিয়ে ঘটনাস্থলে এসেছি। পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ কাজ করছে।

দর্শনা ইমিগ্রেশনে আওয়ামী লীগ নেতা আটক

ঝিনাইদহের আওয়ামী সরকারের সাবেক জিপি ও ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক বিকাশ কুমার ঘোষকে অসুস্থ মেয়ের চিকিৎসা শেষে দর্শনা চেকপোস্ট দিয়ে ভারত থেকে ফেরার সময় দর্শনা ইমিগ্রেশন বিভাগের পুলিশ আটক করেছে।

গতকাল শনিবার বিকাল সাড়ে ৪ টায় তাকে আটক করা হয়। বিকাশ কুমার ঘোষ (৫০) ঝিনাইদহের খর্দ এলাকার বিমল কুমার ঘোষের ছেলে। এ সময় তার সাথে স্ত্রী ও মেয়ে ছিল।

দর্শনা চেকপোস্টের ইমিগ্রেশন পুলিশের ইনচার্জ মোঃ রমজান আলী বিষয়টি নিশ্চিত করে জানান- সাবেক জিপি বিকাশ কুমার ঘোষের পাসপোর্টে গত ১৫ মে ভারতে যাবার পর ব্ল্যাক লিস্টেড হওয়ায় তাকে আটক করা হয়। তার বিরুদ্ধে গত ৫ আগস্ট বিস্ফোরক আইনে মামলা রয়েছে। তিনি হাইকোর্টের জামিন আছেন দাবী করলেও আমাদের কাছে কোন আপডেট নেই, সংগত কারণেই তাকে আটক করে দর্শনা থানা পুলিশের নিকট বিকাল সোয়া ৫টায় সোপর্দ করা হয়েছে।

বিপুল কুমার ঘোষ এই প্রতিবেদকের নিকট দাবী করেন- তিনি জিপি থাকলেও তেমন কোন অপরাধমূলক কর্মকান্ড করেননি এবং গত ৯ মার্চ থেকে ৬ মাসের জামিনে আছেন। এ সময় তাকে অশ্রু সিক্ত দেখা যায়।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহীদ তিতুমীর জানান, তার বিরুদ্ধে ঝিনাইদহ থানায় ভাংচুর ও বিষ্ফোরক আইনে মামলা রয়েছে। সংগত কারণেই তাকে ঝিনাইদহ পুলিশের নিকট সোপর্দ করা হয়েছে।

উল্লেখ্য, ঝিনাইদহের গণমাধ্যম কর্মীরা জানান- বিকাশ কুমার ঘোষকে আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর সহযোগীতায় নির্ধারিত যোগ্যতা না থাকা সত্ত্বেও অনিয়মের মাধ্যমে জিপি করা হয়। তাকে ব্যবহার করে মিন্টু বাহিনী ঝিনাইদহে শত শত বিঘা সরকারি সম্পত্তি নিজেরা দখল করে নেয় এবং বিরোধীদলের নেতা কর্মীরা তার

কারণে আইনী সহযোগীতা থেকে বঞ্চিত হয়।

গাংনীর কমিটিতে আওয়ামী লীগকে পুনর্বাসন করার অভিযোগ

মেহেরপুর ও গাংনীর বিএনপি’র কমিটিতে আওয়ামী লীগকে পুনর্বাসন করা হয়েছে বলে অভিযোগ করেছেন মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক সাবেক সংসদ সদস্য মোঃ আমজাদ হোসেন। গতকাল শনিবার বিকালে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৪ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত দোয়া মাহফিল ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

তিনি আরো বলেন, আওয়ামী লীগের পুনর্বাসন করা কমিটিকে দিয়ে গাংনীতে বিএনপিকে প্রতিষ্ঠিত করা সম্ভব হবে না।

কমিটি নিয়ে এসে যেসব লোকদেরকে দিয়ে কমিটি বানানো হচ্ছে তাদের নামে তেমন উল্লেখযোগ্য মামলা-মোকদ্দমা নেই। এবং বিগত আওয়ামীলীগ শাসনামনলে তারা মাঠে ছিলনা।

গাংনীর মানুষের জন্য ন্যায্য দাবি আদায় করার অভ্যাস ও শক্তি আমাদের আছে। সভায় সভাপতিত্ব করেন বিএনপি’র প্রবীণ নেতা আব্দুর রাজ্জাক মাস্টার।

বিএনপি নেতা মুস্তাফিজুর রহমান বাবলুর সঞ্চালনায় এ সময় বীর মুক্তিযোদ্ধা বিএনপি নেতা আমিরুল ইসলাম, রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, বিএনপি নেতা সাজেদুর রহমান বুলবুল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আসমা তারা খাতুন, কাথুলী ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি, উপজেলা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক সিরাজুল ইসলাম, বিএনপি নেতা সাবেক ইউপি সদস্য আব্দুর শহীদ, পৌর বিএনপি’র সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক খায়রুল আলম কালাম, কৃষক দল নেতা গাফফার আলী, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক, তরিকুল ইসলাম, মটমুড়া ইউনিয়ন যুবদল সাবেক সভাপতি সোহেল আহমেদ, যুবদল নেতা সাইফুল

ইসলাম, ইউসুফ আহমেদ, গাফফার আহমেদ, কাজীপুর ইউনিয়ন কৃষকদের নেতা আব্দুল মতিন, মিঠু আহমেদ সহ বিএনপি’র নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়নের উন্মুক্ত বাজেট ঘোষণা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের ২০২৫-২০২৬ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। গতকাল শনিবার দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এক অনুষ্ঠানের মাধ্যমে এ বাজেট ঘোষণা করেন ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান (প্যানেল চেয়ারমান) সোহরাব উদ্দীন।

ঘোষিত বাজেটে মোট আয় ধরা হয়েছে ১ কোটি ৪০ লাখ ৮৮ হাজার ৬৩৮ টাকা। বাজেট অনুষ্ঠানে ইউনিয়ন পরিষদের সচিব, ইউপি সদস্যবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উন্মুক্ত বাজেট অনুষ্ঠানে ঘোষিত বাজেটে স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক পরিসেবা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, ইউনিয়নের উন্নয়নমূলক কর্মকাণ্ড, অবকাঠামো উন্নয়ন, স্বাস্থ্য, শিক্ষা এবং কৃষি খাতে বাজেট বরাদ্দ কীভাবে ব্যায় হবে সে সম্পর্কেও সংক্ষিপ্ত আলোচনা হয়।

উল্লেখ্য, উন্মুক্ত বাজেট ঘোষণা একটি গণতান্ত্রিক প্রক্রিয়া, যার মাধ্যমে জনগণ সরাসরি তাদের মতামত ও পরামর্শ প্রদানের সুযোগ পেয়ে থাকেন।

লাঠি হাতে ফিরবো প্রয়োজনে, দেখবো কার হাতে কত শক্তি

কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেছেন, এই কমিটির সুযোগ নিয়ে, এই অযোগ্য নেতৃত্বের সুযোগ নিয়ে আওয়ামী লীগের দোসরা বিভিন্ন পাড়া-মহল্লায় কমিটির সদস্য হচ্ছে। যারা কমিটি ও দল গোছানোর দায়িত্ব নিয়েছেন, তাদের সাবধান করি এইসব ফ্যাসিস্টের দোসরদের কমিটিতে প্রশ্রয় দিবেন না। যদি দেন, আমরা বাধ্য হবো ধরে নিয়ে থানায় জমা দিতে।

মনে রাখবেন, প্রতিরোধ করার জন্য যে শক্তি প্রয়োজন, তা আমাদের আছে। হাজার হাজার মানুষ প্রয়োজন হলে লাঠি হাতে করে ফিরতে হবে দেখবো কাদের হাতে কত শক্তি।

শহীদ রাষ্ট্রপতি (বীর উত্তম) জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বিএনপির আয়োজিত এক আলোচনা সভায় এসব কথা বলেন মাসুদ অরুন।

তিনি আরো বলেন, আমরা জানি, আওয়ামী লীগের সেই নিপীড়নকারী শক্তি আমাদের কমিটির উপর ভর করে আমাদের নির্যাতিত মানুষদের কষ্ট দেওয়ার চেষ্টা চলছে। ধৈর্যের সীমা আছে। প্রশাসনের মধ্যে এখনো আওয়ামী লীগের ভূত বাস করছে।

প্রশাসনকে বলি সতর্ক হবেন। ঈদের পর নাম ধরে ধরে ঘেরাও করা হবে। জনগণের বাইরে গিয়ে, মেহেরপুরের মানুষের স্বার্থের বাইরে গিয়ে কোনো কর্মকাণ্ড দল বা প্রশাসন কাউকে আমরা চালাতে দেব না, ইনশাল্লাহ।

আজ শনিবার (৩১ মে) সকাল ১১ টার দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, আমাদের দলে কিছু শহীদ মুক্তিযোদ্ধা ছিল। সেই শহীদরা কবরে শহীদ হয়নি এখনো জীবিতই আছে! তারা বিরাট মুক্তিযোদ্ধা, আমি জানি না, তারা কোথায় যুদ্ধ করেছে।

আমরা শেখ হাসিনার বিরুদ্ধে ১৬-১৭ বছর যুদ্ধ করেছি, মাসুদ অরণ্যের নেতৃত্বে। যারা মিল্টনের আগে বক্তব্য দিতে নাক সিটকাত, তারা আজ মিলটনের ব্যাগ বয়ে বেড়াচ্ছে, চা বয়ে বেড়াচ্ছে। এই হলো আমাদের সিনিয়র নেতা যারা কখনোই কোনো সংগ্রামী ছিল না।

যুবলীগের পদে আছে যুবলীগের সভাপতি সে হচ্ছে বিএনপির ওয়ার্ড কমিটির সভাপতি। আমাদের আমঝুপিতে প্রতিরোধ হয়েছে, পরে রাতের আঁধারে কমিটি করেছে। একজনের নাম হয়েছে চঞ্চল সে সারা জীবন আওয়ামী লীগ করল। প্রতিটি আওয়ামী লীগের প্রোগ্রামে বুদ্ধিজীবী হিসেবে থাকতো। জীবনেও তাকে বিএনপির ধারের কাছেও দেখিনি। সে হয়েছে ওয়ার্ড কমিটির সভাপতি।

আলোচনা সভায় জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি এ্যাডভোকেট
মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

বারাদীতে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল

মেহেরপুর সদরের বারাদী ইউনিয়ন বিএনপির আয়োজনে সফল রাষ্ট্রনায়ক, বহু দলীয় গণতন্ত্রের প্রবর্তক, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে বারাদী বাজার হাটচালা প্রাঙ্গনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলমগীর কবির জয়নালের সঞ্চালনায় ও ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল

ইসলাম ডাবলুর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবীণ বিএনপি নেতা আবুল হাসেম মীর, সেলিম মোল্লা, রতন মাস্টার। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল মেম্বার, ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি আশরাফুজ্জামান (আলিহিম মেম্বার), ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আজিমুল হক, যুবদল নেতা আসলাম আলী। এ সময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা নাসির উদ্দীন মেম্বার, বারাদী ইউনিয়নের নয়টি ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক ও বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ

জীবননগরে শহীদ জিয়াউর রহমানের ৪৪তম শাহাদত বাষিকী পালিত

চুয়াডাঙ্গা জীবননগরে সাবেক রাষ্টপতি জিয়াউর রহমানের ৪৪তম শাহাদত বাষিকী পালিত হয়েছে।আজ শুক্রবার বিকালে জীবননগর উপজেলা পৌর সভার ৭নং ওয়াড বিএনপির আয়োজনে বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪তম শাহাদত বাষিকী উপলক্ষে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় এ দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর পৌরসভার ৭নং ওয়াড বিএনপির সভাপতি মোঃ মজনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ন সম্পাদক ও উপজেলা যুবদলের আহবায়ক ময়েন উদ্দিন মঈন।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর পৌরসভার ৭ নং ওয়াড বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি শফিকুল ইসলাম খোকা, জীবননগর পৌর যুবদলের যুগ্ন আহবায়ক,আনোয়ার হোসেন,জীবননগর পৌর সভার ৭ নং ওয়াড বিএনপির সাংগঠনিক সম্পাদক মুকুল হোসেন,ছাত্রনেতা হাসান আলী,যুবদল নেতা সুমন হোসেন ।উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন যুবদল নেতা আক্তার হোসেন।